# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮২]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৩৭: সূর্যাস্তের পূর্বে সালাত আদায় করার অনুমতি

الرخصة في الصلاة قبل غروب الشمس

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عَبْدِ اللَّهِ، قال: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ، قال: أَنْبَأَنَا أَبِي، قال: حَدَّثَنَا عِمْرَانُ بْنُ حُدَيْرٍ، قال: سَأَلْتُ لَاحِقًا عَنِ الرَّكْعَتَيْنِ قَبْلَ غُرُوبِ الشَّمْسِ، فَقَالَ: كَانَ عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ يُصَلِّيهِمَا، فَأَرْسَلَ إِلَيْهِ مُعَاوِيَةُ: مَا هَاتَانِ الرَّكْعَتَانِ عِنْدَ غُرُوبِ الشَّمْسِ ؟ فَاضْطَرَّ الْحَدِيثَ إِلَى أُمِّ سَلَمَةَ، فَقَالَتْ أُمُّ سَلَمَةَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي رَكْعَتَيْنِ قَبْلَ الْعَصْرِ، فَشُغِلَ عَنْهُمَا فَرَكَعَهُمَا حِينَ غَابَتِ الشَّمْسُ، فَلَمْ أَرَهُ يُصَلِّيهِمَا قَبْلُ وَلَا بَعْدُ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٨٢٢٤)، مسند احمد ٦/ ٣٠٩، ٣١١ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 582 ـ صحيح الإسناد

বাংলা

৫৮১. ’উসমান ইবনু আবদুল্লাহ (রহ.) ..... ইমরান ইবনু হুদায়র (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, সর্যাস্তের পূর্বে দুই রাকআত সালাত আদায় করা সম্বন্ধে আমি লাহিক [ইবনু হুমায়দ সাদূসী] (রহ.)-কে প্রশ্ন করলাম। তিনি বললেন, ’আবদুল্লাহ ইবনুয যুবায়র (রাঃ) তা আদায় করতেন। তখন মু’আবিয়াহ্ (রাঃ) ’আবদুল্লাহ ইবনুয যুবায়র (রাঃ)-এর নিকট পত্র পাঠালেন যে, সূর্যাস্তের পূর্বে এ দু’ রাক’আত কিসের সালাত? ইবনুয যুবায়র (রাঃ) উম্মু সালামাহ্ (রাঃ) -এর শরণাপন্ন হলেন। উম্মু সালামাহ্ (রাঃ) বললেন, রাসূলুল্লাহ (সা.) এ দু’ রাক’আত ’আসরের পূর্বে আদায় করতেন। একদিন কর্ম ব্যস্ততার কারণে পড়তে পারলেন না বলে সূর্যাস্তের সময় তা আদায় করলেন, আমি এর পূর্বে বা পরে কখনো রাসূলুল্লাহ (সা.) -কে তা আদায় করতে দেখিনি।

## English

37. Concession Regarding Prayer Before The Sun Sets

Imran bin Hudair said: I asked Lahiq about the two Rak'ahs before sunset. He said: Abdullah bin Az-Zubair used to pray them, and Mu'awiyah sent word to him asking: 'What are these two Rak'ahs at sunset?' He had to refer to Umm Salamah, and Umm Salamah said: 'The Messenger of Allah (ﷺ) used to pray two Rak'ahs before 'Asr, then he was distracted and did not pray them, so he prayed them when the sun set, and I never saw him pray them before or after that.'

### ফুটনোট

সহীহ: নাসায়ী'র “সুনানুল কুবরা ১৫৫৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন